# মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

(বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
৫৮, আগ্রাবাদ বা/এলাকা, চট্টগ্রাম।

## ৪৫তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভা ১০ ফেব্রুয়ারি ২০২৪, শনিবার সকাল ১১:০০ ঘটিকায় **"ডিজিটাল প্ল্যাটফর্ম"** লিংক **https://meghnapetroleum.digitalagmbd.net**-এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব জনাব মোঃ নূরুল আলম। সভায় পরিচালনা পর্ষদের উপস্থিতি নিম্নরূপ:

| | |
|---|---|
| **জনাব মোঃ নূরুল আলম**<br>সচিব<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। | **চেয়ারম্যান** |
| **জনাব খালিদ আহম্মেদ**<br>পরিচালক (অপাঃ ও পরিঃ) ও অতিরিক্ত সচিব<br>বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন। | **পরিচালক** |
| **জনাব মোঃ আসমাউল হোসেন**<br>বিল্ডিং-০১, ফ্ল্যাট-০৯/বি, প্লট-২৫, ব্লক-বি,<br>জাকির হোসেন রোড, লালমাটিয়া, ঢাকা। | **স্বাধীন পরিচালক** |
| **জনাব মোঃ খলিলুর রহমান**<br>এ্যাপার্টমেন্ট-৬/ডি, ৮৫ নিউ সার্কুলার রোড<br>সিদ্ধেশ্বরী, ঢাকা। | **স্বাধীন পরিচালক** |
| **জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ**<br>যুগ্মসচিব<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা। | **পরিচালক** |
| **কাজী শাহজাহান**<br>যুগ্মসচিব (মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব)<br>মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা। | **পরিচালক** |
| **শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন**<br>উপসচিব<br>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব আবুল ফজল মোঃ নাফিউল করিম**<br>বাড়ী নং-২/৭, ফ্ল্যাট # এ-৪, শাহজাহান রোড,<br>মোহাম্মদপুর, ঢাকা। | **পরিচালক** |
| **জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম**<br>স্কয়ার ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড<br>স্কয়ার সেন্টার, ৪৮ মহাখালী বা/এ, ঢাকা। | **শেয়ারহোল্ডার পরিচালক** |
| **জনাব মোঃ টিপু সুলতান**<br>ব্যবস্থাপনা পরিচালক<br>মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড, চট্টগ্রাম। | **পরিচালক** |

**<u>সভায় উপস্থিত থেকে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করেন ঃ</u>**

**জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন**
কোম্পানি সচিব
মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড।

সভায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রতিনিধি কাজী মুহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক (অর্থ), বিপিসি; জনাব অনুপম বড়ুয়া, পরিচালক (বিপণন), বিপিসি; জনাব মুহম্মদ আশরাফ হোসেন, সচিব, বিপিসি; জনাব ইউসুফ হোসেন ভূঁইয়া, ঊর্ধ্বতন মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বিপিসি; জনাব মুস্তফা কুদরুত-ই-ইলাহী, মহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স), বিপিসি; জনাব এ টি এম সেলিম, মহাব্যবস্থাপক (হিসাব), বিপিসি; জনাব মনি লাল দাশ, মহাব্যবস্থাপক (অর্থ), বিপিসি; মোঃ আমীর মাসুদ, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন), বিপিসি; জনাব মোহাম্মদ জাহিদ হোসেন, উপ-মহাব্যবস্থাপক (বাণিজ্য ও অপারেশন্স), বিপিসি; জনাব মোঃ জাহাঙ্গীর কবির, উপ-মহাব্যবস্থাপক (অর্থ), বিপিসি সহ ১৩১ জন শেয়ারহোল্ডার ডিজিটাল প্ল্যাটফর্মে আয়োজিত কোম্পানির ৪৫তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করেন।

কোম্পানি সচিব মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণকারী পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান, পরিচালকমন্ডলী এবং বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের প্রতিনিধিসহ সকল সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দকে শুভেচ্ছা জানান এবং কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয়ের অনুমতিক্রমে সভা শুরু করেন। তিনি স্বাধীন বাংলাদেশের স্থপতি এবং হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সেই সাথে সকল বীর শহীদ মুক্তিযোদ্ধাদের স্মরণ করেন। ভাষা আন্দোলনের এই মাসে সকল ভাষা শহীদের প্রতিও তিনি বিনম্র শ্রদ্ধা জানান। জাতির জনকের সুযোগ্য কন্যা ডিজিটাল বাংলাদেশের রুপকার এবং স্মার্ট বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে তথ্য প্রযুক্তির অগ্রযাত্রায় সামিল হওয়ার নিমিত্তে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের বিধি-বিধান অনুসরণ পূর্বক ডিজিটাল প্ল্যাটফর্মে এ সভার আয়োজন করা হয়েছে মর্মে উল্লেখ করে তিনি মেঘনা পরিবারের পক্ষ হতে মাননীয় প্রধানমন্ত্রী-কে আন্তরিক শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন জানান।

কোম্পানি সচিব সভায় অবহিত করেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে সিডিবিএল-এ উল্লেখিত আপনাদের স্ব-স্ব ই-মেইল এড্রেসে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ও ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে এবং তা কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা মোতাবেক বার্ষিক সাধারণ সভার পূর্বে অন্যূন ২৪ ঘন্টা হতে সর্বোচ্চ ৭২ ঘন্টার মধ্যে সম্মানিত শেয়ারহোল্ডারগণের প্রশ্ন, মতামত প্রদান এবং ভোটাধিকার প্রয়োগের জন্য এজিএম এর ওয়েব লিংক উন্মুক্ত করা হয়েছে বলে তিনি জানান। কোম্পানি সচিব কর্তৃক এ পর্যায়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব এবং মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যানকে কোম্পানির ৪৫তম বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করতঃ সভা পরিচালনার অনুরোধ জানানো হয়।

চেয়ারম্যান মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, পরিচালনা পর্ষদের পরিচালকগণ, বিপিসি'র প্রতিনিধিবৃন্দ এবং অতিথিবৃন্দ-কে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে বার্ষিক সাধারণ সভার কার্যক্রমের শুভ সূচনা ঘোষণা করেন। এ পর্যায়ে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করা হয়। অতঃপর কোম্পানি সচিব কর্তৃক সম্মানিত শেয়ারহোল্ডারগণের নিকট কোম্পানির পরিচালনা পর্ষদের সদস্যদের পরিচিতি প্রদান করা হয়। অতঃপর কোম্পানি সচিবের অনুরোধক্রমে চেয়ারম্যান সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন।

**<u>কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান জনাব মোঃ নুরুল আলম এর স্বাগত বক্তব্য ঃ</u>**

স্বাগত বক্তব্যের প্রারম্ভে তিনি গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সদস্যদের, যাঁরা ১৯৭৫ সালের ১৫ই আগস্ট শাহাদাত বরণ করেছেন। তিনি আরো স্মরণ করেন জাতীয় চার নেতা, ৩০ লক্ষ শহীদ মুক্তিযোদ্ধা এবং ২ লক্ষ সম্ভ্রমহারা মা-বোনদের যাঁদের আত্মত্যাগের বিনিময়ে এদেশের স্বাধীনতা অর্জিত হয়েছে। তিনি শ্রদ্ধা জানান ১৯৫২ সালের ভাষা শহীদের প্রতি, যাঁরা রাষ্ট্রভাষা বাংলার জন্য বুকের তাজা রক্ত দিয়েছেন। সর্বশক্তিমান আল্লাহর দরবারে তিনি তাঁদের সকলের রুহের মাগফিরাত কামনা করেন।

জ্বালানিকে দেশের আর্থ-সামাজিক উন্নয়নের মূল চালিকাশক্তি উল্লেখ করে তিনি বলেন যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জ্বালানিকে বাংলাদেশের একটি অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করেন। তিনি জ্বালানি খাতকে যুগোপযোগী করতে ১৯৭৪ সালে পেট্রোলিয়াম আইন এবং পেট্রোলিয়াম পলিসি প্রণয়ন করেন; যার ধারাবাহিকতায় বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সমগ্র দেশে সরকার কর্তৃক নির্ধারিত মূল্যে নিরবচ্ছিন্নভাবে জ্বালানি তেল সরবরাহ করা হচ্ছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিচক্ষণ ও দূরদর্শী সিদ্ধান্তের ফলে তৎকালীন সময়ে এ দেশে ব্যবসা পরিচালনারত পাকিস্তানের মালিকানাধীন দাউদ পেট্রোলিয়াম লিমিটেড-কে ১৯৭২ সালে এবং যুক্তরাষ্ট্রের মালিকানাধীন ESSO Eastern Incorporation-কে ১৯৭৫ সালে সরকারিভাবে গ্রহণ করা হয়। এরই ধারাবাহিকতায় বিভিন্ন পর্যায় অতিক্রম করে বর্ণিত কোম্পানিসমূহের স্থাবর-অস্থাবর সম্পত্তি ও

দায়-দেনা নিয়ে ২৭ ডিসেম্বর, ১৯৭৭ সালে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড গঠিত হয়। এক কথায়, বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় জ্বালানি নিরাপত্তার ব্যবস্থা করে ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। বর্তমানে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ ও গতিশীল নেতৃত্বে সারাদেশে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা হচ্ছে।

তিনি আরো বলেন, বিশ্ব অর্থনীতি বর্তমানে নানাবিধ কারণে ক্রমাগত সংকটময় পরিস্থিতি পার করছে। কোভিড সংকট কাটিয়ে বিশ্ব অর্থনীতি যখন ঘুরে দাঁড়াতে শুরু করে, তখন শুরু হয় রাশিয়া-ইউক্রেন সংকট। যার ফলে বিশ্ব অর্থনীতিতে জ্বালানি সংকট, খাদ্য সংকট, পণ্য রপ্তানিতে প্রতিবন্ধকতা, উৎপাদন সংকট, দ্রব্যমূল্যের উর্ধ্বমুখিতাসহ নানাবিধ অস্থিরতার সৃষ্টি হয়। এছাড়াও ডলারের ক্রমাগত বিনিময় হার বৃদ্ধি এবং রাজনৈতিক-অর্থনৈতিক মেরুকরণের ফলে দেশে দেশে জ্বালানি পণ্যের মূল্য বৃদ্ধিসহ আমদানি-রপ্তানি বাণিজ্যে ভারসাম্যহীনতা তৈরি হয়েছে। তবে আশার কথা হলো, বিরুপ বৈশ্বিক বর্তমান পরিস্থিতিতেও বাংলাদেশের প্রবৃদ্ধি ও উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রয়েছে।

তিনি জানান যে, তিনটি তেল বিপণন কোম্পানির মধ্যে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড বিগত বছরগুলোর ন্যায় এ বছরও বাজার নেতৃত্বে শীর্ষে অবস্থান করছে। ২০২২-২৩ অর্থবছরে অত্র কোম্পানির মোট পেট্রোলিয়াম পণ্য বিক্রির পরিমাণ ২৬.২০ লক্ষ মেট্রিক টন এবং যার বিক্রয় মূল্য  ৩২,৩৪৭.১৬ কোটি টাকা। যা ২০২১-২২ অর্থবছরে ছিল ২৪.৪৯ লক্ষ মেট্রিক টন, যার বিক্রয় মূল্য ছিল ২১,৯৫৮.২৬ কোটি টাকা। বিপিসি'র আওতাধীন ০৩টি জ্বালানি তেল বিপণন কোম্পানির মধ্যে ২০২২-২৩ অর্থবছরে জেট ফুয়েল ব্যতিত পেট্রোলিয়াম পণ্য বিক্রয়ে অত্র কোম্পানির বাজার অংশীদারিত্ব ৩৮.৬৮%, যা আগের বছরে ছিল ৩৮.১১% এবং লুব্রিকেন্টস্ খাতে বাজার অংশীদারিত্ব ৫৭.০০%, যা বিগত বছরে ছিল ৫৫.১৩%। এছাড়াও, নীট মুনাফা বিবেচনায় বিগত অর্থবছরের ন্যায় ২০২২-২৩ অর্থবছরেও তিনটি বিপণন কোম্পানির মধ্যে অত্র কোম্পানি শীর্ষে অবস্থান করছে। ২০২২-২৩ অর্থবছরে পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় বাবদ নীট আয় হয়েছে ২৮৩.০৩ কোটি টাকা, যা ২০২১-২২ অর্থবছরে ছিল ২৩৩.১৩ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরে কর পরবর্তী মুনাফা অর্জিত হয়েছে ৪৪২.১৪ কোটি টাকা, যা শুধুমাত্র এ কোম্পানিই নয়; বিপিসি'র আওতাধীন তেল বিপণন কোম্পানিসমূহের ইতিহাসে সর্বোচ্চ। ২০২১-২২ অর্থবছরে কর পরবর্তী মুনাফা ছিল ৩১৬.৫৩ কোটি টাকা। অর্থাৎ পূর্ববর্তী বছরের তুলনায় আলোচ্য অর্থবছরে কর পরবর্তী মুনাফা ৩৯.৬৮% বেশি অর্জিত হয়েছে এবং শেয়ার প্রতি আয় ২৯.২৫ টাকা হতে  ১১.৬১ টাকা বৃদ্ধি পেয়ে ৪০.৮৬ টাকায় উন্নীত হয়েছে।

তিনি আরো উল্লেখ করেন যে, আলোচ্য অর্থবছরে কোম্পানিতে ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে জ্বালানি তেলের অপারেশনাল নেটওয়ার্ক সম্প্রসারণ ও উন্নত করতে এবং অতিরিক্ত অবকাঠামো নির্মাণের জন্য উল্লেখযোগ্য উন্নয়নমূলক কাজ সম্পন্ন হয়েছে। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিদ্ধান্তের আলোকে এবং বিপিসি'র নির্দেশনা অনুযায়ী কোম্পানির সম্পদ ও দায় পুনঃমূল্যায়ন তথা Networth নিরুপণের লক্ষ্যে ইতোমধ্যে MRH Dey & Co. Chartered Accountants এর নিয়োগ সম্পন্ন হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের মধ্যে উক্ত কাজ সম্পন্ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। চট্টগ্রামের আগ্রাবাদস্থ বাণিজ্যিক এলাকায় নির্মাণাধীন ১৯তলা ভবনের ০৩টি বেজমেন্ট ও ১ম তলার সম্পূর্ণ কাজ এবং ২য় তলার আংশিক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট নির্মাণ কাজ সম্পাদনের জন্য নির্মাণ ঠিকাদার নিয়োগ প্রক্রিয়াধীন রয়েছে। এছাড়া, খুলনাস্থ মহেশ্বরপাশা ও মিরেরডাঙায় অবস্থিত মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর মালিকানাধীন ১৩.৩০ একর ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশীপ পাইপ লাইনের মাধ্যমে বাংলাদেশে অত্র কোম্পানির তত্ত্বাবধানে জ্বালানি তেল গ্রহণ করা হচ্ছে। প্রধান স্থাপনা ও দেশব্যাপী ডিপোর অপারেশনাল কার্যক্রম স্বয়ংক্রিয় পদ্ধতিতে সম্পন্ন করা, ঢাকা-চট্টগ্রাম পাইপ লাইন এবং সিঙ্গেল পয়েন্ট মুরিং (এসপিএম) প্রকল্পের আওতায় নির্মাণাধীন পাইপলাইন থেকে সরাসরি ডিজেল গ্রহণের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। প্রধান স্থাপনা ও বিভিন্ন ডিপোতে ৭,২০০ কিলোলিটার ধারণ ক্ষমতা সম্পন্ন নতুন স্টোরেজ ট্যাঙ্ক নির্মাণসহ বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বিভিন্ন প্রতিকূলতা মোকাবিলা করে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড প্রান্তিক গ্রাহকসহ সকলের নিকট এর পরিসেবা সম্প্রসারিত করতে সক্ষম হয়েছে। সঠিক নেতৃত্বই অত্র কোম্পানির সাফল্যের মূল চাবিকাঠি উল্লেখ করে তিনি বলেন, কোম্পানির অভিষ্ঠ লক্ষ্য অর্জনে কর্মীদের প্রতিশ্রুতি এবং নিষ্ঠা সহায়ক ভূমিকা পালন করেছে। কোম্পানি তার দায়িত্বপূর্ণ ব্যবসায়িক কার্যক্রমের দ্বারা সর্বোচ্চ সেবা প্রদান, প্রবৃদ্ধি, অভিনবত্ব আনয়ন এবং আধুনিকীকরণে সমর্থ হবে বলে তাঁর বিশ্বাস। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৩০ সালের মধ্যে মধ্যম আয়ের দেশ এবং ২০৪১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশকে "উন্নত সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ" এ রূপান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। সে লক্ষ্যে অর্থনৈতিক উন্নয়নের সাথে সঙ্গতি রেখে জ্বালানি তেলের ব্যবসা যুগোপযোগী ও  সম্প্রসারিত হচ্ছে।

তিনি উল্লেখ করেন যে, দেশে পেট্রোলিয়ামজাত পণ্যের চাহিদা মিটানোর ক্ষেত্রে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর গৌরবজনক ঐতিহ্য রয়েছে। সর্বস্তরের গ্রাহকের চাহিদা পূরণ করাসহ খরাপ্রবণ ও দূরবর্তী এলাকায় সেচ মৌসুমে নির্ধারিত দামে অতিরিক্ত পেট্রোলিয়াম পণ্যের সরবরাহ নিশ্চিতকরণের ক্ষেত্রে এ কোম্পানি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। ভবিষ্যতে যে কোন ধরণের চ্যালেঞ্জ মোকাবেলা এবং কোম্পানিকে আর্থিকভাবে নিরাপদ ও নিশ্চিত রাখার জন্য কার্যকর ভবিষ্যৎ পরিকল্পনা এবং ভারসাম্যপূর্ণ ব্যবসায়িক বিনিয়োগ নিশ্চিত করা হচ্ছে। উল্লেখ্য, ২০২২-২৩ অর্থবছরে অত্র কোম্পানি সরকারি কোষাগারে ৩৫৫.৮০ কোটি টাকা জমা প্রদান করেছে।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের দিক-নির্দেশনা এবং পরামর্শে দীর্ঘমেয়াদে শেয়ারহোল্ডারস্ ভ্যালু বৃদ্ধির জন্য অত্র কোম্পানি নিরলসভাবে কাজ করে বলে তিনি জানান। ২০২২-২৩ অর্থবছরে পরিচালনা পর্ষদ কর্তৃক ১৬০% হারে নগদ লভ্যাংশ সুপারিশ করা হয়েছে, যা ধারাবাহিকভাবে বিপিসি'র আওতাধীন তেল বিপণন কোম্পানিসমূহের মধ্যে সর্বোচ্চ। এ হার ২০২১-২০২২ অর্থবছরে ছিল ১৫০%। তিনি আনন্দের সাথে জানান যে, ২০২২ সালে আইসিএমএবি বেস্ট কর্পোরেট এওয়ার্ড' প্রতিযোগিতায় তেল, গ্যাস ও জ্বালানি ক্যাটাগরীতে "গোল্ড অ্যাওয়ার্ড" অর্জন করে; যাতে অত্র কোম্পানির সুনাম বহুগুণে বৃদ্ধি পেয়েছে। সকলের সমর্থন ও সহযোগিতায় ভবিষ্যতে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের অগ্রযাত্রা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করে তাঁর স্বাগত বক্তব্য সমাপ্ত করেন।

অতঃপর চেয়ারম্যানের অনুমতিক্রমে কোম্পানি সচিব মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি পাঠ করা হয়। পরবর্তীতে ৪৫তম বার্ষিক সাধারণ সভার আলোচ্যসূচির উপর আলোকপাত পূর্বক সম্মানিত শেয়ারহোল্ডারগণের প্রশ্ন, মন্তব্য এবং মতামতের বিষয়ে বক্তব্য দেয়ার জন্য চেয়ারম্যান কর্তৃক কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ টিপু সুলতান-কে আহবান জানান।

**কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক মোঃ টিপু সুলতান এর বক্তব্য ঃ**

তিনি মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় ডিজিটাল প্ল্যাটফর্মে সংযুক্ত কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সম্মানিত সচিব ও কোম্পানি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান, পরিচালকবৃন্দ; বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের সম্মানিত চেয়ারম্যান ও সরকারের সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ, বিপিসি'র সম্মানিত পরিচালকবৃন্দ, সচিব এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ; বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠানসমূহের ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ ও উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ সহ সকল অতিথিবৃন্দকে স্বাগত জানান। তিনি বক্তব্যের শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল সদস্যদের; যাঁরা ১৯৭৫ সালের ১৫ আগষ্ট নির্মমভাবে শাহাদাত বরণ করেন। ৩০ লক্ষ শহীদ এবং ২ লক্ষ মা বোনদের, যাদের সর্বোচ্চ আত্মত্যাগের বিনিময়ে আমরা স্বাধীন সার্বভৌম বাংলাদেশ পেয়েছি। ভাষা আন্দোলনের এই মাসে তিনি সকল ভাষা শহীদের প্রতিও বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি আরো স্মরণ করেন, ১৯৭৫ সালের ৯ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এক যুগান্তকারী পদক্ষেপ নিয়েছিলেন। তিনি জাতীয় স্বার্থে দেশের পাঁচটি বৃহৎ গ্যাসক্ষেত্র: তিতাস, বাখরাবাদ, রশীদপুর, কৈলাশটিলা ও হবিগঞ্জ গ্যাসক্ষেত্র বহুজাতিক তেল কোম্পানি শেল ইন্টারন্যাশনালের নিকট থেকে মাত্র ১৭.৮৬ কোটি টাকা মূল্যে কিনে নিয়েছিলেন, যার বর্তমান বাজার মূল্য প্রায় সাড়ে ১২ লক্ষ কোটি টাকা। জাতির পিতার এই সিদ্ধান্ত ছিল বাঙালি জাতির অর্থনৈতিক মুক্তি এবং জ্বালানি নিরাপত্তা নিশ্চিত করণের এক যুগান্তকারী পদক্ষেপ। বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা ডিজিটাল বাংলাদেশের রুপকার এবং স্মার্ট বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে কোভিড-১৯ মহামারির বিরূপ প্রভাব, রাশিয়া ও ইউক্রেন যুদ্ধ এবং বৈশ্বিক অর্থনৈতিক মন্দা স্বত্ত্বেও বাংলাদেশের জিডিপির অভূতপূর্ব উন্নতি সাধিত হওয়ায় বিশ্বের অনেক দেশের কাছেই আজ তিনি অনুসরণীয় ও নেতৃত্বের রোল মডেল।

তিনি উল্লেখ করেন, বৈশ্বিক পরিস্থিতির কারণে সৃষ্ট প্রতিকুলতা ও নানাবিধ চ্যালেঞ্জ সত্ত্বেও গ্রাহকদের কাছে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর পরিসেবা সম্প্রসারিত করতে সক্ষম হয়েছে। কর্মকর্তা ও শ্রমিক কর্মচারীদের প্রতিশ্রুতি এবং নিষ্ঠা কোম্পানির অভিষ্ঠ লক্ষ্য অর্জনে সহায়তা করেছে। কঠোর পরিশ্রম, উদ্যম এবং প্রচেষ্টার মাধ্যমে কোম্পানির ইতিহাসে সর্বাধিক মুনাফা অর্জন করায় কোম্পানির পরিচালনা পর্ষদসহ সর্বস্তরের কর্মকর্তা ও শ্রমিক-কর্মচারীদের প্রতিও তিনি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ তথা সোনার বাংলা গড়ার লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছেন। সে লক্ষ্যে অর্থনৈতিক উন্নয়নের সাথে সঙ্গতি রেখে জ্বালানি তেলের ব্যবসাও সম্প্রসারিত করা হচ্ছে বলে তিনি জানান।

তিনি আরো বলেন যে, ২০২২-২৩ অর্থবছরে এ কোম্পানির পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রির পরিমাণ ২৬.২০ লক্ষ মেট্রিক টন, যা ২০২১-২০২২ অর্থবছরে ছিল ২৪.৪৯ লক্ষ মেট্রিক টন, অর্থাৎ আলোচ্য অর্থ বছরে পেট্রোলিয়াম পণ্যের বিক্রয় বেড়েছে ১.৭১ লক্ষ মেট্রিক টন। একইভাবে ২০২২-২৩ অর্থবছরে কোম্পানির কর পরবর্তী মুনাফা অর্জিত হয়েছে ৪৪২.১৪ কোটি টাকা, যা ২০২১-২২ অর্থবছরে কর পরবর্তী মুনাফা ছিল ৩১৬.৫৩ কোটি টাকা। ফলে নীট মুনাফা বেড়েছে ১২৫.৬১ কোটি টাকা। মার্কেট শেয়ার ও মুনাফা বিবেচনায় এ কোম্পানি তিনটি তেল বিপণন কোম্পানির মধ্যে শীর্ষে অবস্থান করছে। কোম্পানি কর্তৃপক্ষ ও পরিচালনা পর্ষদ সর্বদাই শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষায় সচেষ্ট আছে। এর ধারাবাহিকতায় ২০২২-২৩ অর্থবছরের জন্য পরিচালনা পর্ষদ ১৬০% হারে লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে, যা কোম্পানির ইতিহাসে সর্বোচ্চ।

কোম্পানির পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় কোম্পানির ২০২২-২৩ অর্থ বছরের সার্বিক পারফরমেন্সের উপর ইতোমধ্যে আলোকপাত করেছেন তিনি উল্লেখ করে তিনি বলেন, ২০২৩-২৪ অর্থ বছরের প্রথম ষাণ্মাসিকে আন-অডিটেট হিসাব অনুযায়ী কোম্পানির কর উত্তর মুনাফা বিগত বছরের প্রথম ষাণ্মাসিকের তুলনায় ৪.৭০ কোটি টাকা বৃদ্ধি পেয়েছে। বর্তমানে চলমান রাশিয়া-ইউক্রেন সংকট, মধ্যপ্রাচ্যের যুদ্ধাবস্থা, সর্বোপরি ডলারের বিনিময় হারের উর্ধ্বগতি সত্ত্বেও উন্নতির এ ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের প্রচেষ্টা অব্যাহত থাকবে মর্মে তিনি শেয়ারহোল্ডারদেরকে আশ্বস্ত করেন।

আলোচ্য অর্থবছরে জ্বালানি তেলের অপারেশনাল নেটওয়ার্ক সম্প্রসারণ ও উন্নত করতে এবং অবকাঠামো উন্নয়নের জন্য উল্লেখযোগ্য উন্নয়নমূলক কাজ সম্পন্ন করা হয়েছে। চট্টগ্রামের আগ্রাবাদস্থ বাণিজ্যিক এলাকায় কোম্পানির নিজস্ব ১২ কাঠা জমিতে নির্মাণাধীন ১৯ তলা ভবনের ০৩টি বেজমেন্টসহ ১ম তলার কাজ সম্পূর্ণ এবং ২য় তলার আংশিক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। ইতোপূর্বে নিয়োগকৃত ঠিকাদার নির্দিষ্ট সময়ের মধ্যে নির্মাণ কাজ সম্পাদনে ব্যর্থ হওয়ায় চুক্তি বাতিল পূর্বক নতুন নির্মাণ ঠিকাদার নিয়োগ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়াও কোম্পানির বিভিন্ন সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারগণের পরামর্শ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিপিসি'র নির্দেশনা অনুযায়ী কোম্পানির সম্পদ (Net Worth) পুনঃমূল্যায়নের কাজ চলমান আছে। কোম্পানিতে ভ্যাট ম্যানেজমেন্ট সফটওয়্যার বাস্তবায়ন ৯০% সম্পন্ন হয়েছে, যা আগামী জুন নাগাদ পুরোপুরি সম্পন্ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ইন্ডিয়া-বাংলাদেশ ফ্রেন্ডশিপ পাইপলাইনের মাধ্যমে বিপিসি'র পক্ষে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর তত্ত্বাবধানে ভারত হতে ডিজেল গ্রহণ ও বিতরণ করা হচ্ছে তিনি জানান।

তিনি আরো উল্লেখ করেন যে, আধুনিক প্রযুক্তির মাধ্যমে দ্রুততম সময়ে জ্বালানি তেল গ্রহণ/সরবরাহ ব্যবস্থা অটোমেশনের লক্ষ্যে বিপিসি'র আওতাধীন তিনটি তেল বিপণন কোম্পানি যৌথভাবে চট্টগ্রামস্থ প্রধান স্থাপনায় Automation of Main Installation of three oil marketing Companys (POCL, MPL and JOCL) Patenga, Chattogram, Bangladesh শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য ডিপিপি অনুমোদনের পর্যায়ে আছে। এছাড়া বিপিসি'র আওতাধীন তিনটি তেল বিপণন কোম্পানিসমূহের দেশব্যাপী অবস্থিত ডিপোসমূহে Feasibility Study, FEED preparation and supervision for automation of Depots of Three Oil Marketing Companies in Differrent locations of Bangladesh শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে বিপিসি কর্তৃক বাস্তবায়নাধীন Single Point Mooring with Double Pipeline Project এর মাধ্যমে রিফাইনারী ও প্রধান স্থাপনায় ডিজেল গ্রহণ এবং ঢাকা-চট্টগ্রাম পাইপ লাইনের মাধ্যমে সরাসরি কোম্পানির প্রধান স্থাপনা হতে ডিপোসমূহে ডিজেল গ্রহণের পাইপ লাইন নেটওয়ার্ক নির্মাণ; প্রধান স্থাপনাসহ বিভিন্ন ডিপোতে নতুন স্টোরেজ ট্যাঙ্ক নির্মাণ এবং অন্যান্য উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

কোম্পানির ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং বিপিসি কর্তৃক অনুমোদিত নকশার আলোকে ডিলারের নিজস্ব অর্থায়নে দেশের বিভিন্ন স্থানে ৪টি মডেল ফিলিং ষ্টেশন স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে ঢাকা-চট্টগ্রাম জাতীয় মহাসড়ক সংলগ্ন মিরসরাই এ অবস্থিত মডেল ফিলিং ষ্টেশন মেসার্স ফারদিন অটো গ্যাস এন্ড ফিলিং এবং গাজীপুর-ঢাকা-নারায়ণগঞ্জ মহাসড়ক সংলগ্ন রুপগঞ্জ নারায়ণগঞ্জে মেসার্স পূর্বাচল মডেল রিফুয়েলিং এন্ড অটো গ্যাস স্টেশন চালু করা হয়েছে। অপর ২টি মডেল ফিলিং ষ্টেশন এর নির্মাণ কাজ চলমান আছে।

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভার ওয়েব লিংকে সংযুক্ত হয়ে বিভিন্ন প্রশ্ন উত্থাপন, মন্তব্য ও মতামত প্রদান করায় তিনি শেয়ারহোল্ডারবৃন্দকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান এবং শেয়ারহোল্ডারগণ কর্তৃক উত্থাপিত গুরুত্বপূর্ণ প্রশ্ন, মন্তব্য এবং মতামতের বিষয়ে কোম্পানির পক্ষ হতে বক্তব্য উপস্থাপন করেন। সম্মানিত শেয়ারহোল্ডারগণের অনেকেই একই বিষয়ে বক্তব্য প্রদান, প্রশ্ন উপস্থাপন এবং একই ধরনের মন্তব্য করায় তিনি একই ধরনের প্রশ্নের উত্তরসমূহের বিষয়ে পুনরাবৃত্তি পরিহার করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার মিসেস ফরিদা পারভীন (বিও আইডি ১৬০৪৬৫০০৭৩৫৯১২৫১)** কর্তৃক পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান, পরিচালকবৃন্দ, ব্যবস্থাপনা পরিচালক এবং কোম্পানির সকল স্তরের কর্মকর্তাদেরকে সালাম জানানো হয়। বিশ্বজুড়ে অর্থনৈতিক বিপর্যয় সত্ত্বেও কোম্পানির উল্লেখ্যযোগ্য পরিমাণ মুনাফা হওয়ায় শেয়ারহোল্ডারদের পক্ষ থেকে তিনি অভিনন্দন জানান। এছাড়াও কোম্পানির সম্পদ পুনঃ মূল্যায়নের কাজের অগ্রগতি সর্ম্পকে জানতে চান। তিনি ঢাকাস্থ মতিঝিলে কোম্পানির ২২.৫০ কাঠা জায়গায় বহুতল ভবন নির্মাণ ও খুলনায় মহেশ্বর পাশায় কোন আয়বর্ধক প্রকল্প গ্রহণের পরিকল্পনা আছে কিনা সে বিষয়ে জানতে চাইলে ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, কোম্পানি বিগত বছরগুলোর ন্যায় তার মুনাফা অর্জনের ধারা অব্যাহত রেখেছে। আলোচ্য ২০২২-২০২৩ অর্থবছরে পেট্রোলিয়াম পণ্যের মোট বিক্রয়ের পরিমাণ ২৬.০২ লক্ষ মেঃ টন যা বিগত বছরের চেয়ে ১.৫৩ লক্ষ মেট্রিক টন বেশী এবং অত্র কোম্পানির বাজার অংশীদারিত্ব ৩৮.৬৮%। বিগত বছরের তুলনায় আলোচ্য বছরে কোম্পানির

১২৫.৬১ কোটি টাকা বেশী কর উত্তর মুনাফা অর্জিত হয়েছে। কোম্পানির সম্পদ পুনঃমূল্যায়নের লক্ষ্যে এমআরএইচদে এন্ড কোং, চাটার্ড একাউন্ট্যান্টস্ ফার্মকে ইতিমধ্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে, যা অতিদ্রুত সম্পন্ন হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। ঢাকাস্থ মতিঝিলে ভূমির বিষয়ে গণপূর্ত মন্ত্রণালয়ের ছাড়পত্র প্রাপ্তির পর পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে বলে জানান। এছাড়াও খুলনাস্থ মহেশ্বরপাশা ও মিরেরডাঙ্গায় অবস্থিত মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর মালিকানাধীন ১৩.৩০ একর ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকল্পে আয়বর্ধক প্রকল্প গ্রহণের লক্ষ্যে কার্যক্রম চলমান আছে।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব আকরামুল হক (বিও আইডি ১২০১৫৯০০৪৬৬৯৫৫২৭)** কর্তৃক ভালো লভ্যাংশ আশা প্রকাশ করা হয়। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত কোম্পানির লভ্যাংশ বন্টন নীতিমালা বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্ত আছে। উক্ত নীতিমালা অনুযায়ী ভবিষ্যতে সম্মানিত শেয়ারহোল্ডারদের ভালো লভ্যাংশ প্রদানের সার্বিক প্রচেষ্টা অব্যাহত থাকবে। পরিচালনা পর্ষদ ও কোম্পানি কর্তৃপক্ষ সর্বদাই বিনিয়োগকারী/শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষায় সচেষ্ট আছেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব আলহাজ্ব মোহাম্মদ আব্দুল ওহাব (বিও আইডি ১২০১৫৯০০০৮০১৪৩৬৭)** কর্তৃক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ৪৫তম এজিএম ভার্চুয়ালি করায় এবং ১৬০% নগদ লভ্যাংশ প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। আইসিএমএবি বেস্ট কর্পোরেট এওয়ার্ড ২০২২ এ 'গোল্ড অ্যাওয়ার্ড' জয়ে অভিনন্দন জানান। খুলনায় মহেশ্বর পাশায় কোন আয়বর্ধক প্রকল্প গ্রহণের পরিকল্পনা বিষয়ে জানতে চান। দেশের জনগণের ভোগান্তি লাঘবে তেলের অপচয়রোধে সুষ্ঠু জ্বালানি সরবরাহের ব্যবস্থা নিশ্চিত করতে বাস্তব সম্মত পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান। কোম্পানির নীট মুনাফার উপর ৫% শ্রমিক অংশিদারিত্ব তহবিল রাখায় ধন্যবাদ জানান। কোম্পানির সিএসআর কার্যক্রমের আরও খরচ বাড়ানোর অনুরোধ করেন। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেয়া দুরদর্শী সিদ্ধান্ত "জ্বালানি সর্বোচ্চ অগ্রাধিকার" নীতি গ্রহণের কারণে দেশের জ্বালানি সেক্টর আজ দৃঢ় অবস্থানে রয়েছে। এরই ধারাবাহিকতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বিপিসি'র সার্বিক ব্যবস্থাপনা ও নিবিড় মনিটরিং এর মাধ্যমে জ্বালানি তেল চাহিদা অনুযায়ী আমদানী করা হচ্ছে এবং পরবর্তীতে বিপিসি'র অঙ্গ প্রতিষ্ঠানসমূহের মাধ্যমে সরকার নির্ধারিত একই মূল্যে দেশব্যাপী নিরবচ্ছিন্নভাবে উক্ত জ্বালানি তেল সরবরাহ করা হচ্ছে। জ্বালানি তেল বিপণনে এই সুষ্ঠু ব্যবস্থাপনার কারণেই দেশে কখনোই জ্বালানি তেলের সংকট হয়নি। জ্বালানি তেল বিপণনে এ কোম্পানি কৃতিত্বের স্বাক্ষর রেখে চলেছে। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে কোম্পানির সিএসআর কার্যক্রমের আওতা বৃদ্ধির পরিককল্পনা রয়েছে মর্মে জানান।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব মোঃ সোহরাব হোসেন লিংকন (বিও আইডি ১২০১৪৭০০০০০২১৭১১)** কর্তৃক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর এজিএম ভার্চুয়ালি এর পরিবর্তে সরাসরি আয়োজন করার বিষয়ে মত প্রকাশ করেন এবং ১৬০% নগদ লভ্যাংশ প্রদান করায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি কোম্পানির সুনাম অনুযায়ী বেশি লভ্যাংশ প্রত্যাশা করেন। রাশিয়া ইউক্রেন যুদ্ধ অর্থনৈতিক মন্দাকালে ব্যবসার অবস্থা জানতে চান। তিনি আশা প্রকাশ করেন যে, আগামীতে বিনিয়োগকারীদের প্রত্যাশা পূরণ ও স্বার্থ রক্ষা করতে আরো বেশী সক্ষম হবে। কোম্পানির সাফল্য, অগ্রগতি ও মহামারী পরিস্থিতিতে সকলের সুস্বাস্থ্য কামনা করেন। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, একটি দেশের সার্বিক উন্নয়নে জ্বালানি খাত অন্যতম চালিকাশক্তি হিসেবে কাজ করে। রাশিয়া-ইউক্রেন সংকট, মধ্যপ্রাচ্যের বর্তমান যুদ্ধাবস্থাসহ নানাবিধ বৈশ্বিক পরিস্থিতি, ইউএস ডলারের বিনিময় হার বৃদ্ধি, লুব অয়েলের কাঁচামালের মূল্য, শিপিং খরচ ইত্যাদি বৃদ্ধির কারণে লুব অয়েলের ক্রয় মূল্য বৃদ্ধি প্রাপ্ত হয়। ফলে বিক্রয় মূল্যে এর প্রভাব পড়লেও কোম্পানির বাজার অংশিদায়িত্ব ধরে রাখার সকল উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। কোম্পানি ২০২৩-২৪ অর্থবছরে জুলাই'২৩ থেকে ডিসেম্বর'২৩ পর্যন্ত ১ম ষাম্মাসিকে তার মুনাফার ধারাবাহিকতা অব্যাহত রেখেছে। ফলে বিগত বছরের একই সময়ের তুলনায় ৪.৭০ কোটি টাকা বেশি কর উত্তর মুনাফা অর্জন করেছে। বিষয়টি Price Sensitive Information এর মাধ্যমে পূর্বেই শেয়ারহোল্ডারগণকে অবহিত করা হয়েছে। উন্নতির এই ধারবাহিকতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে কোম্পানি কর্তৃপক্ষ সদা সচেষ্ট। পরিচালনা পর্ষদ ও কোম্পানি কর্তৃপক্ষ সর্বদাই শেয়ারহোল্ডারদের স্বার্থ রক্ষায় সচেষ্ট আছেন জানিয়ে তিনি শেয়ারহোল্ডারগণকে আশ্বস্ত করেন।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব আজাদ আহসান (বিও আইডি ১২০২৪২০০৪৩৮৫৪২০১)** কর্তৃক ভবিষ্যতে কোম্পানির ব্যবসায়িক পলিসি সম্পর্কে জানতে চাওয়া হয় এবং কোম্পানির সাফল্য, অগ্রগতি ও সকলের সুস্বাস্থ্য কামনা করা হয়। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক সভায় অবহিত করেন যে, ব্যবসা বহুমূখীকরণের মাধ্যমে কোম্পানির আয় বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

**সম্মানিত শেয়ারহোল্ডার বাবু হিরালাল বনিক (বিও আইডি ১২০১৮৪০০০০৭০৩২৩২)** কর্তৃক আগামীতে কোম্পানির বার্ষিক সাধারণ সভা সকলের উপস্থিতিতে সম্পন্ন করার বিশেষ অনুরোধ জানানো হয়। তিনি আগ্রাবাদস্থ মেঘনা ভবনের নির্মাণ কাজের অগ্রগতি বিষয়ে জানতে চান। এ প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সভায় অবহিত করেন যে, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনাক্রমে এজিএম ভার্চুয়ালি অনুষ্ঠিত হচ্ছে। ভবিষ্যতে বিএসইসি'র নির্দেশনার আলোকে বার্ষিক সাধারণ সভা পূর্বের ন্যায় শেয়ারহোল্ডারদের উপস্থিতিতে সরাসরি আয়োজন করার আশাবাদ ব্যক্ত করেন। আগ্রাবাদস্থ মেঘনা ভবনের অবশিষ্ট নির্মাণ কাজ সম্পাদনের জন্য নির্মাণ ঠিকাদার নিয়োগ প্রক্রিয়া চূড়ান্ত হয়েছে। ডিপিপি অনুমোদনের পর কার্যাদেশ প্রদান করা হবে মর্মে জানান।

**সম্মানিত শেয়ারহোল্ডার জনাব কবির আহমেদ চৌধুরী (বিও আইডি ১৬০১৮৮০০৪৫৮৪৩৫০০)** কর্তৃক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ৪৫ বছর গৌরব উজ্জ্বল অধ্যায় পার করে ৪৬ বছরে পা দেওয়ার শুভ মুহূর্তে মাননীয় চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, দক্ষ ব্যবস্থাপনা এবং প্রতিষ্ঠানের সুনাম বৃদ্ধির নিরন্তর সংগ্রামে নিয়োজিত কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ভাই/বোনদের সালাম এবং শুভেচ্ছা জানান। বার্ষিক সাধারণ সভার দিনটি শেয়ারহোল্ডারদের দিন উল্লেখ করে প্রতিষ্ঠান ১৬০ শতাংশ লভ্যাংশ ঘোষণা করায় তিনি কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। সিএসআর তহবিল থেকে চট্টগ্রামে একটি আধুনিক হাসপাতাল নির্মাণের সুপারিশ করেন। আগামীতে কোম্পানির বার্ষিক সাধারণ সভা সকলের উপস্থিতিতে সম্পন্ন করার বিশেষ অনুরোধ জানান এবং নুতন বছরে সবার জীবনে অনাবিল শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক সম্মানিত শেয়ারহোল্ডারকে তাঁর মতামতের জন্য অসংখ্য ধন্যবাদ জানান। অবশ্যই বার্ষিক সাধারণ সভার দিনটি সম্মানিত শেয়ারহোল্ডাগনদের দিন বলে একমত পোষণ করেন।

ব্যবস্থাপনা পরিচালক আরো জানান যে, সভায় প্রশ্ন উত্থাপনকারী সকল সম্মানিত শেয়ারহোল্ডারগণের মতামত ও উপদেশ যথাযথভাবে রেকর্ড করা হয়েছে, যা ভবিষ্যতে কোম্পানি সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। পরিশেষে, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৫তম বার্ষিক সাধারণ সভায় ভার্চুয়ালি যোগদনের জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে এবং 'জয় বাংলা' স্লোগান উচ্চারণ করতঃ তিনি তার বক্তব্য শেষ করেন।

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী প্রস্তাবের পক্ষে-বিপক্ষে প্রাপ্ত ভোটের ফলাফল ঘোষণার জন্য চেয়ারম্যান কর্তৃক কোম্পানি সচিব-কে আহবান জানানো হলে তিনি নিম্নোক্তভাবে সভায় ফলাফল অবহিত করেন। ভোটের ফলাফলের ভিত্তিতে চেয়ারম্যান আলোচ্যসূচি অনুযায়ী সিদ্ধান্ত প্রদান করেন।

**আলোচ্যসূচি-১**

**০২ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী ও সিদ্ধান্ত নিশ্চিতকরণ।**

কোম্পানি আইন ১৯৯৪ এর ৮৯ (২) ধারা মোতাবেক মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে এবং পর্ষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হয়েছে উল্লেখ করে জানানো হয় যে, সম্মানিত শেয়ারহোল্ডারদের সদয় অবগতির জন্য উক্ত কার্যবিবরণী তাদের স্ব-স্ব ই-মেইল এড্রেসে প্রেরিত হয়েছে এবং একইসাথে কোম্পানির ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর-১ এর প্রস্তাবের পক্ষে ৬,৬৬,০৩,০২৩টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করে এবং বিপক্ষে কোন ভোট পড়েনি। এমতাবস্থায়, অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাসের ঘোষণার জন্য পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, পরিচালনা পর্ষদ চেয়ারম্যান কর্তৃক অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নং-১ এর প্রস্তাব অনুমোদিত হওয়ার বিষয়টি ঘোষণা করা হয়।

**সিদ্ধান্ত ঃ**
অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডের ৪৪তম বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ করা হলো।

**আলোচ্যসূচি নং-২ ঃ**

**৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত বছরের নিরীক্ষিত হিসাব এবং এর উপর কোম্পানির পরিচালকমন্ডলীর প্রতিবেদন গ্রহণ এবং অনুমোদন।**

৩০ জুন ২০২৩ তারিখে সমাপ্ত বছরের কোম্পানির নিরীক্ষিত হিসাব ও যুগ্ম-বহিঃ নিরীক্ষকদ্বয়ের প্রতিবেদন এবং পরিচালকবৃন্দের প্রতিবেদন শেয়ারহোল্ডারবৃন্দের নিকট প্রেরিত বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভুক্ত আছে বলে অবহিত করে আশাবাদ ব্যক্ত করা হয় যে, কোম্পানির সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ প্রতিবেদনসমূহ পড়েছেন। তাই প্রতিবেদনসমূহ পঠিত বলে গণ্য করার আহবান জানানো হয়।

অতঃপর কোম্পানি সচিব কর্তৃক ঘোষণা করা হয় যে, অনলাইন ভোটিংয়ে আলোচ্যসূচি নম্বর-২ এর প্রস্তাবের পক্ষে ৬,৬৫,৩১,৫৯৮টি শেয়ার সংখ্যার ভোট প্রদান করা হয় এবং বিপক্ষে কোন ভোট পড়েনি। এমতাবস্থায়, অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে আলোচ্য এজেন্ডা পাসের ঘোষণার জন্য পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

তৎপ্রেক্ষিতে, পরিচালনা পর্ষদ চেয়ারম্যান কর্তৃক অনলাইন ভোটিংয়ের প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে আলোচ্যসূচি নং-২ এর প্রস্তাব অনুমোদিত হওয়ার বিষয়টি ঘোষণা করা হয়।

**সিদ্ধান্ত ঃ**
অনলাইন ভোটিং-এ প্রাপ্ত ফলাফল অনুযায়ী সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এর ৩০ জুন, ২০২৩ তারিখে সমাপ্ত হিসাববছরের নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষিত হিসাবের উপর বহিঃনিরীক্ষকদ্বয়ের প্রতিবেদন এবং পরিচালকবৃন্দের প্রতিবেদন এ সভায় অনুমোদিত হলো।

**আলোচ্যসূচি নং-৩ ঃ**

**২০২৩ সালের ৩০ জুন সমাপ্ত হিসাব বছরের জন্য ঘোষিত লভ্যাংশ অনুমোদন।**
